



Government of Nepal
Department of Hydrology
and Meteorology



সতর্কবার্তাঃ ০৫ ০৭-১৩ ফেব্রুয়ারী ২০২২

বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/রাস্ট রোগের পরামর্শ

মূলবার্তা

বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ সংক্রমণের সম্ভাবনা রয়েছে।

পরামর্শ

বাংলাদেশে গম আবাদ অঞ্চল সমূহের কোথাও কোথাও গমের পাতার মরিচা রোগের লক্ষণ দেখা যাচ্ছে তবে রোগের প্রকোপ খুবই সামান্য। বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে বাংলাদেশের উত্তরাঞ্চলে গমের পাতার মরিচা রোগের সংক্রমণের অনুকূল পরিবেশ বিরাজ করছে। ফেব্রুয়ারী ১৫-২৩ তারিখের মধ্যে বাংলাদেশের কোনো কোনো স্থানে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে যার ফলে গমের পাতার মরিচা রোগ বিস্তারে অনুকূল পরিবেশ তৈরী হতে পারে।

সুপারিশ

কৃষকের মাঠে গমের পাতার মরিচা রোগ দেখা গেলে এবং জাতটি যদি সংবেদনশীল হয় (যেমনঃ বারি গম ২৬) তবে এই রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।